



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

স্বরূপকাঠি সরকারি কলেজ

সোহাগদল, নেছারাবাদ, পিরোজপুর

Email: govt.swarupkati1208college@gmail.com, Web:swarupkathicollege.edu.bd, Cell: 01309-103082 College Code: 1208

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিষয়ক

বিজ্ঞপ্তি

১৭/০৯/২০২৬ খ্রি.

(বৃহস্পতিবার)

একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত নির্দেশনা

ভর্তির তারিখ: ২০ সেপ্টেম্বর (রবিবার) থেকে ২২ সেপ্টেম্বর (মঙ্গলবার), ২০২৬ খ্রি. পর্যন্ত।

সময় : সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টা পর্যন্ত।

বরিশাল শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত কলেজভিত্তিক চূড়ান্ত তালিকায় স্বরূপকাঠি সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত সকল শিক্ষার্থীকে আন্তরিক অভিনন্দন।

ভর্তি কার্যক্রম সুষ্ঠু, নির্ভুল ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো—

- অনলাইন আবেদন ফরম পূরণ:

ভর্তি কার্যক্রমের প্রথম ধাপ হিসেবে নিম্নোক্ত লিংকে প্রবেশ করে এসএসসি পরীক্ষার রোল নম্বর ব্যবহার করে লগইন করতে হবে।

ভর্তির লিংক: <https://gscp.aalo.xyz/events>

- আবেদন ফরম প্রিন্ট:

লগইন করার পর প্রদর্শিত আবেদন ফরমটি যথাযথভাবে ও নির্ভুল তথ্য দিয়ে পূরণ করে সাবমিট করতে হবে। ফরম সাবমিট করার পর প্রদর্শিত **Print Option** থেকে আবেদন ফরমের ৩ (তিন) কপি (Admission Committee Copy, Office Copy, Student Copy) প্রিন্ট করতে হবে।

- ভর্তি ফি জমাদানের রশিদ সংগ্রহ:

ভর্তি ফি জমাদানের জন্য কলেজের ১০২ নম্বর কক্ষে আবেদন ফরমের Admission Copy জমা প্রদান এবং এসএসসির মূল ট্রান্সক্রিপ্ট প্রদর্শন করে ব্যাংকে ফি জমাদানের জন্য প্রয়োজনীয় রশিদ সংগ্রহ করতে হবে।

- প্রয়োজনীয় কাগজপত্র জমা:

নির্ধারিত ভর্তি ফি পরিশোধের পর ব্যাংকের রশিদ, আবেদন ফরমের Office copy এবং নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র একটি A4 সাইজের খামে ভরে কলেজে জমা দিতে হবে।

খামের উপরে স্পষ্টভাবে নিম্নোক্ত তথ্যসমূহ লিখতে হবে—

শিক্ষার্থীর নাম

এসএসসি পরীক্ষার রোল নম্বর

বিভাগ/শাখা

শিক্ষার্থীর সচল মোবাইল নম্বর

অভিভাবকের সচল মোবাইল নম্বর

- প্রয়োজনীয় কাগজপত্র:

ক) অনলাইনে পূরণকৃত আবেদন ফরমের কপি

খ) এসএসসির মূল ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র

গ) ভর্তি ফি জমাদানের ব্যাংক রশিদ

ঘ) এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি

ঙ) এসএসসি পরীক্ষার অ্যাডমিট কার্ডের ফটোকপি

চ) জন্ম নিবন্ধন কার্ডের ফটোকপি

বিশেষ দৃষ্টব্য: কোনো অবস্থাতেই এসএসসির মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ছাড়া শিক্ষার্থীর ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে না।

- শিক্ষার্থী ও অভিভাবকের উপস্থিতি:

ভর্তির সময় শিক্ষার্থী ও অভিভাবককে স্বশরীরে উপস্থিত থাকতে হবে। অন্যথায় ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে না।

- কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের জন্য:

কোটায় নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা বোর্ডের অনুমোদন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি কলেজে জমা দিতে হবে।

- ভুল তথ্য প্রদান সংক্রান্ত:

ভর্তি ফরমে কোনো শিক্ষার্থী ইচ্ছাকৃতভাবে ভুল বা অসত্য তথ্য প্রদান করলে, কোনো প্রকার পূর্ব যোগাযোগ ছাড়াই তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

- নির্ধারিত পোশাক:

ছাত্রদের জন্য	ছাত্রীদের জন্য
অফ-হোয়াইট ফুলহাতা শার্ট, কালো প্যান্ট ও কালো সু।	অফ-হোয়াইট কামিজ, কালো সালোয়ার, কালো ওড়না ও কালো সু।

- ওরিয়েন্টেশন:

একাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের ওরিয়েন্টেশন ২৪/০৯/২০২৬ তারিখ সকাল ১০:০০টায় কলেজ ভবনের তৃতীয় তলায় অনুষ্ঠিত হবে।

- ভর্তি সংক্রান্ত হেল্প ডেস্ক:

আগামী ২০, ২১ ও ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে কলেজের ১০২ নম্বর কক্ষে ভর্তি সংক্রান্ত একটি হেল্প ডেস্ক চালু থাকবে।

আবেদন বা ভর্তি সংক্রান্ত যেকোনো সমস্যা ও জিজ্ঞাসার ক্ষেত্রে শিক্ষার্থীরা হেল্প ডেস্ক থেকে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করতে পারবে।

বিষয় গুচ্ছ: নিম্নলিখিত ছক অনুসারে বিষয় নির্বাচন করতে হবে।


	আবশ্যিক বিষয় (বাধ্যতামূলক)	নৈর্বাচনিক বিষয় (যে কোনো একটি)	চতুর্থ বিষয় (যে কোনো একটি)
বিজ্ঞান শাখা	বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮), পদার্থবিজ্ঞান (১৭৪, ১৭৫), রসায়ন (১৭৬, ১৭৭), আইসিটি (২৭৫)।	জীববিজ্ঞান (১৭৮, ১৭৯), উচ্চতর গণিত (২৬৫, ২৬৬)	জীববিজ্ঞান (১৭৮, ১৭৯), উচ্চতর গণিত (২৬৫, ২৬৬), কৃষি শিক্ষা (২৩৯, ২৪০)


ব্যবসায় শিক্ষা শাখা	বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮), আইসিটি (২৭৫)।	নৈর্বাচনিক বিষয় (যে কোনো তিনটি)	চতুর্থ বিষয় (যে কোনো একটি)
		হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪), ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭, ২৭৮), উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬, ২৮৭)	১. অর্থনীতি (১০৯, ১১০) ২. কৃষি শিক্ষা (২৩৯, ২৪০)
মানবিক শাখা	বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮), আইসিটি (২৭৫)।	নৈর্বাচনিক বিষয় (যে কোনো তিনটি)	চতুর্থ বিষয় (যে কোনো একটি)
		অর্থনীতি (১০৯, ১১০), যুক্তিবিদ্যা (১২১, ১২২), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭, ২৬৮)/ইতিহাস (৩০৪, ৩০৫), পৌরনীতি ও সুশাসন (২৬৯, ২৭০), সমাজকর্ম (২৭১, ২৭২)। * ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং ইতিহাস একত্রে নেওয়া যাবে না।	অর্থনীতি (১০৯, ১১০), যুক্তিবিদ্যা (১২১, ১২২), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭, ২৬৮)/ইতিহাস (৩০৪, ৩০৫), পৌরনীতি ও সুশাসন (২৬৯, ২৭০), সমাজকর্ম (২৭১, ২৭২), ইসলাম শিক্ষা (২৪৯, ২৫০), কৃষি শিক্ষা (২৩৯, ২৪০)।

বিশেষ দৃষ্টব্য: আবেদন ফরমপূরণের ক্ষেত্রে কোনো অসুবিধা হলে নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

- জনাব মোঃ আশিকুল্লাহ, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান (মোবাইল: 01303587804)
- জনাব পলাশ রায়, প্রভাষক, অর্থনীতি (মোবাইল: 01968913088)

সকল ভর্তিছু শিক্ষার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো।


(প্রফেসর মোহাম্মদ আজমল হোসেন)
অধ্যক্ষ
স্বরূপকাঠি সরকারি কলেজ
নেছারাবাদ, পিরোজপুর


আহ্বায়ক
একাদশ শ্রেণি (শিক্ষাবর্ষ: ২০২৬-২০২৭) ভর্তি কমিটি
স্বরূপকাঠি সরকারি কলেজ
নেছারাবাদ, পিরোজপুর